# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

সিকিউরিটিজ কমিশন ভবন, ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭, বাংলাদেশ।


সূত্র নং- বিএসইসি/মুখপাত্র (২য় খন্ড)/২০১১/২৬২৮

তারিখ ১২ পৌষ ১৪২৪ বঙ্গাব্দ
২৬ ডিসেম্বর ২০১৭ খ্রিষ্টাব্দ

## প্রেস বিজ্ঞপ্তি

৬২১ তম কমিশন সভা অদ্য ২৬/১২/২০১৭ তারিখে কমিশনের সভা কক্ষে কমিশনের চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে ঃ

১. বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন দেশের পুঁজিবাজারে বিনিয়োগকারীদের যথাযথ অংশগ্রহণ এবং সঠিক বিনিয়োগ সিদ্ধান্ত গ্রহণে সচেতন করার লক্ষ্যে সাধারণ বিনিয়োগকারীদের জন্য প্রাত্যহিক বিনিয়োগ শিক্ষা কার্যক্রম আয়োজনের সিদ্ধান্ত গ্রহণ করেছে। উক্ত শিক্ষা কার্যক্রম প্রতি কার্যদিবস সকাল ১০:০০ টা থেকে বিকাল ৫:০০ টা পর্যন্ত সিকিউরিটিজ কমিশন ভবন, ই-৬/সি, শেরে বাংলা নগর, আগার গাঁও, ঢাকাস্থ প্রশিক্ষণ কেন্দ্রে অনুষ্ঠিত হবে। কার্যক্রমে অংশ গ্রহণে ইচ্ছুক বিনিয়োগকারীগণ অনলাইনে অথবা সরাসরি রেজিস্ট্রেশন করতে পারবেন। প্রতি কার্যক্রমে ৪০ জন বিনিয়োগকারীকে প্রশিক্ষণ প্রদান করা হবে। উক্ত কার্যক্রমের বিষয়টি বিনিয়োগকারীদের মধ্যে প্রচারের লক্ষ্যে লিফলেট এর কপি প্রেস বিজ্ঞপ্তির সাথে সংযুক্ত করা হ'ল।

২. (ক) ওয়াটা ক্যামিকেলস্ লিমিটেড (ইস্যুয়ার) কর্তৃক কমিশনে দাখিলকৃত এপ্রিল ২০১৪ সালের মাসিক মূলধন ও শেয়ার ধারণ প্রতিবেদনে পরিচালক ও স্পন্সর জনাব এ এইচ এম আব্দুল্লাহ ও জনাব এম এ মান্নান এর শেয়ার ধারণ অবস্থান যথাযথভাবে প্রদর্শন না করার মাধ্যমে Securities and Exchange Ordinance, 1969 এর Section 18 ভঙ্গ করেছে। উক্ত সিকিউরিটিজ আইন ভঙ্গের জন্য কমিশন অদ্যকার সভায় ওয়াটা ক্যামিকেলস্ লিমিটেড -কে সতর্কপত্র ইস্যু করার সিদ্ধান্ত গ্রহণ করেছে; এবং

(খ) জনাব মোঃ নজরুল ইসলাম, ব্যবস্থাপনা পরিচালক, ওয়াটা ক্যামিকেলস্ লিমিটেড এবং জনাব আবু সাদাত মোঃ সায়েম, জনৈক বিনিয়োগকারী ১৬/০১/২০১১ তারিখে বন্ধ কোম্পানীটি চালুকরণের নিমিত্তে অর্থায়নের জন্য কিছু শর্ত সাপেক্ষে একটি সমঝোতা স্মারক স্বাক্ষর করেন এবং পরবর্তীতে কোম্পানীটি চালু করেন। বিষয়টি সিকিউরিটিজ আইন অনুযায়ী মূল্য সংবেদনশীল তথ্য হলেও ওয়াটা ক্যামিকেলস্ লিমিটেড তা মূল্য সংবেদনশীল তথ্য হিসেবে প্রচার করেনি এবং ব্যবস্থাপনা পরিচালক জনাব মোঃ নজরুল ইসলাম কমিশনে শুনানীর সময় তার বক্তব্যে এ বিষয়ে কমিশন ও স্টক এক্সচেঞ্জসমূহের যাবতীয় নিয়ম পরিপালন করেছেন উল্লেখ করায় Securities and Exchange Ordinance, 1969 এর Section 18 ভঙ্গ হয়েছে। উক্ত সিকিউরিটিজ আইন ভঙ্গের জন্য কমিশন অদ্যকার সভায় ওয়াটা ক্যামিকেলস্ লিমিটেড এর ব্যবস্থাপনা পরিচালক জনাব মোঃ নজরুল ইসলাম -কে ৫ (পাঁচ) লক্ষ টাকা জরিমানা করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

২৬/১২/২০১৭

মোঃ সাইফুর রহমান
নির্বাহী পরিচালক ও মুখপাত্র।

# পুঁজিবাজারে বিনিয়োগকারীদের জন্য প্রাত্যহিক বিনিয়োগ শিক্ষা কার্যক্রম

দেশের পুঁজিবাজারে বিনিয়োগকারীদের যথাযথ অংশগ্রহণ এবং সঠিক বিনিয়োগ সিদ্ধান্ত গ্রহণে সচেতন করার লক্ষ্যে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনে সাধারণ বিনিয়োগকারীদের জন্য প্রাত্যহিক বিনিয়োগ শিক্ষা কার্যক্রম অনুষ্ঠিত হচ্ছে।

| | | |
|---|---|---|
| তারিখ ও সময় | : | প্রতি কার্যদিবস সকাল ১০.০০ টা থেকে বিকাল ৫:০০ টা |
| স্থান | : | সিকিউরিটিজ কমিশন ভবন, ই-৬/সি, শের-ই-বাংলা নগর, আগারগাঁও, ঢাকা-১২০৭ |
| অংশগ্রহণ প্রক্রিয়া | : | অনলাইন অথবা সরাসরি রেজিস্ট্রেশন |

## বিনিয়োগ শিক্ষা কার্যক্রমের বিষয়বস্তু

| | |
|---|---|
| সেশন-১ | সিকিউরিটিজ আইনের আলোকে বিনিয়োগকারীদের সুরক্ষা |
| সেশন-২ | বিনিয়োগ শিক্ষা ও আর্থিক পরিকল্পনা সংক্রান্ত প্রাথমিক ধারণা |
| সেশন-৩ | প্রসপেক্টাস বিশ্লেষণ ও প্রাইমারী মার্কেট (আইপিও) এ বিনিয়োগ |
| সেশন-৪ | বিনিয়োগ পরিকল্পনা ও সেকেন্ডারী মার্কেটে বিনিয়োগ |
| সেশন-৫ | সিকিউরিটিজ এনালাইসিস ও পোর্টফোলিও ম্যানেজমেন্ট |

## রেজিস্ট্রেশন প্রক্রিয়া

দেশব্যাপী বিনিয়োগ শিক্ষা কার্যক্রম এর ওয়েবসাইট www.financialliteracybd.com এর মাধ্যমে জনগণ বিনিয়োগ শিক্ষা কার্যক্রম, প্রশিক্ষণ, কর্মশালা ও সম্মেলন বিষয়ে বিস্তারিত জানতে এবং অংশগ্রহণের জন্য অনলাইন রেজিস্ট্রেশন করতে পারবেন।

**সরাসরি রেজিস্ট্রেশনের জন্য নিম্নোক্ত ঠিকানায় যোগাযোগ করুন:**

## অভ্যর্থনা কেন্দ্র

**বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন**
সিকিউরিটিজ কমিশন ভবন
ই-৬/সি, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা
আগারগাঁও, ঢাকা-১২০৭
ফোন : +৮৮ ০২ ৫৫০০৭১৩১-২

বিনিয়োগকারীগণ নির্ধারিত তারিখে রেজিস্ট্রেশন করুন এবং বিনিয়োগ সচেতনতা বৃদ্ধির মাধ্যমে নিজেকে সফল বিনিয়োগকারী হিসেবে গড়ে তুলুন।

## দেশব্যাপী বিনিয়োগ শিক্ষা কার্যক্রম

বিনিয়োগের অ আ ক খ

সচেতন বিনিয়োগ সমৃদ্ধ আগামী

**বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন**

# বিনিয়োগকারীদের জন্য করণীয় এবং বর্জনীয়

